গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২- ২৪০৫ তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা গত ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ----------- পাতা।

২৪/০৭/২০২২
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ- যুগ্মসচিব, ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে -

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব (প্রশাসন -৪, মনিটরিং ও সমন্বয় শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২ তারিখঃ /০৭/২০২২ খ্রিঃ

## নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
স্থানঃ সম্মেলন কক্ষ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ ০৭.০৭.২০২২ খ্রিঃ সকাল ১০.৩০ টা।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২১-২২ অর্থবছরের সকল কার্যক্রম সঠিক সময়ে সুষ্ঠভাবে সম্পূর্ণ করতে পারায় নৈতিকতা কমিটির সকল সদস্য কে ধন্যবাদ জানান এবং ২০২২-২৩ অর্থবছরের সকল কার্যক্রম সঠিক সময়ে সুষ্ঠভাবে সম্পূর্ণ হবে সভাপতি এই আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি, জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব সুলতানা পারভীন, সহকারি পরিচালক (সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সদস্যবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শনঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শনের গুরুত্ব পর্যালোচনাপূর্বক পরিদর্শন কার্যক্রম জোরদার করার তাগিদ প্রদান করেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে ১ম ত্রৈমাসিকে একটি ও ৩য় ত্রৈমাসিকে একটি হাসপাতাল এর পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিদর্শন করতে হবে। | সহকারি পরিচালক (সমন্বয়) |
| ০২. | **বিভাগ পর্যায়ে প্রশিক্ষণঃ**<br>নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগ পর্যায়ে সেবা প্রতিষ্ঠানসমূহে বিসিসি ও নৈতিকতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের গুরুত্ব নিয়ে সভায় আলোচনা করা হয়। | নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগ পর্যায়ে সেবা প্রতিষ্ঠানসমূহে বিসিসি ও নৈতিকতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৩. | **স্টেক হোল্ডার মিটিং** বিভাগীয় সহকারী পরিচালক নার্সিং এবং বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে অংশীজন সভা করার বিষয়ে আলোচনা করা হয়। | বিভাগীয় সহকারী পরিচালক নার্সিং এবং সেবা প্রতিষ্ঠানের প্রধানগণদের নিয়ে ১ম ত্রৈমাসিকে একটি ও ৩য় ত্রৈমাসিকে একটি অংশীজন সভা করবেন। | সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |
| ০৪. | **নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্ট করণঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নথি পত্রের শ্রেণী বিন্যাস করে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল নথি পত্রের শ্রেণী বিন্যাস ও নথি বিনষ্ট করার লক্ষ্যে কমিটি গঠন করার। | পরিচালক (সকল)<br>সহকারি পরিচালক (সমন্বয়)<br>ও<br>নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **সেবার মান উন্নয়নে হাসপাতাল পরিদর্শনঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে হাসপাতালসমূহ পরিদর্শনের গুরুত্ব পর্যালোচনাপূর্বক পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে ৩.১ কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি বিভিন্ন হাসপাতালে সারপ্রাইজ ভিজিট করা। | সহকারি পরিচালক (সমন্বয়) |

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।০৭।২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।